

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।

ফোন ০২-৮৮৭৯৩১৫

E-mail : seae@rhd.gov.bd

স্মারক নং-২-এম-৪৫-৪/৮ (চন্দন)-১২০৭(৫০) তারিখ ২৪/০৯/১৫
“অফিস আদেশ”

৪ৰ্থ জাতীয় উন্নয়ন মেলা-২০১৮ উপলক্ষ্যে গত ২০/০৯/২০১৮ তারিখ প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক বিভিন্ন সড়ক বিভাগকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করার জন্য নির্দেশক্রমে বলা হলোঃ-

- ১। ৪ৰ্থ জাতীয় উন্নয়ন মেলা-২০১৮ এর মূল প্রতিপাদ্য বিষয়/শোগান হবে নিম্নরূপঃ
“উন্নয়নের অভিযান
অদম্য বাংলাদেশ”।
- ২। সকল জেলার উন্নয়ন মেলায় সড়ক ও জনপথ অধিদপ্তর অংশগ্রহণ করবে এবং যে সব উপজেলায় সওজ এর উপ-বিভাগের অফিস রয়েছে, সে সব এলাকায় উপজেলা পর্যায়ে অংশগ্রহণ করতে হবে।
- ৩। ৪ৰ্থ জাতীয় উন্নয়ন মেলা-২০১৮ উপলক্ষ্যে ষ্টলের ডিজাইনের নমুনা হিসেবে ৪(চার)টি ডিজাইন সওজ অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এর মধ্য থেকে যেকোন একটি ষ্টল নির্বাচন করতে হবে এবং প্রত্যেক সড়ক বিভাগের ষ্টলের সঙ্গে সংশ্লিষ্ট জেলার ঐতিহ্যকে তুলে ধরার ব্যবস্থা রাখা যেতে পারে।
- ৪। প্রত্যেক সড়ক বিভাগ জেলাভিত্তিক সমাপ্তি, চলমান ও গৃহিতব্য প্রকল্পসমূহ, মহাসড়ক/সেতু নির্মাণ, মহাসড়ক উন্নয়ন, রক্ষণাবেক্ষণ, সংস্কারের বিষয়সমূহ আলোকপাত করে বুশিয়ার প্রকাশ করবে। মাননীয় প্রধানমন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী/অন্যান্য মন্ত্রী কর্তৃক বিভিন্ন প্রকল্পের উদ্বোধনের ছবি থাকলে তা বুশিয়ার প্রকাশ করতে হবে। সংশ্লিষ্ট সড়ক বিভাগের উন্নয়ন কার্যক্রম তুলে ধরে প্রামাণ্য ভিডিও চিত্র নির্মাণ করতে হবে এবং তা মেলায় প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।
- ৫। ৪ৰ্থ জাতীয় উন্নয়ন মেলা-২০১৮ উপলক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বুশিয়ার মেলায় অংশগ্রহণকারীদের সরবরাহ করতে হবে। এছাড়া মন্ত্রণালয় কর্তৃক সওজ অধিদপ্তরের সার্বিক উন্নয়ন কার্যক্রম তুলে ধরে প্রস্তুতকৃত প্রামাণ্য ভিডিও চিত্র মেলায় প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। বুশিয়ার ও ভিডিও চিত্র সওজ প্রশাসন ও সংস্থাপন হতে আগামী ১৭/০৯/২০১৮ তারিখে সংগ্রহ করতে হবে।
- ৬। বিভিন্ন সড়ক বিভাগের এলাকায় চলমান মেগা প্রকল্পের রেপ্লিকা তৈরী পূর্বক মেলায় প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। রেপ্লিকাসমূহ সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের সাথে যোগাযোগপূর্বক নির্বাহী প্রকৌশলী সংগ্রহ করবেন।
- ৭। ৪ৰ্থ জাতীয় উন্নয়ন মেলা-২০১৮ কে সাফল্যমন্তিত করার লক্ষ্যে সড়ক বিভাগসমূহকে প্রতিযোগিতা ও উদ্বোধনামূলক মনোভাব পোষণ করে প্রথম হওয়ার টার্গেট নিয়ে অংশগ্রহণ করতে হবে।
- ৮। রোড সেফটির জন্য বিভিন্ন সাইন সিগন্যাল এর বিষয়ে ভিডিও চিত্র ও লিফলেট প্রচারের ব্যবস্থা করতে হবে।
- ৯। ভবিষ্যতে প্রতিশুত প্রত্যেক সড়ক বিভাগ কর্তৃক বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ড চিহ্নিত করণপূর্বক মেলায় তা প্রচারের ব্যবস্থা করতে হবে।
- ১০। ৪ৰ্থ জাতীয় উন্নয়ন মেলা-২০১৮ উপলক্ষ্যে প্রত্যেক জেলায় জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত আলোচনা সভায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে হবে।
- ১১। ডিউটি রোষ্টারের মাধ্যমে মেলায় কর্মকর্তা/কর্মচারীদের সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিত করতে হবে।

২৪/৯/১৫

(মোঃ মনিরুজ্জামান)

পরিচিতি নং-০০০৪২২

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ

প্রশাসন ও সংস্থাপন

সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জাতার্থে পেশ করা হলোঃ-

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনলিপি জাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ,
- ২। প্রকল্প পরিচালক (অঃপঃপঃ, সওজ),
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ,
- ৪। পরিচালক/অতিরিক্ত প্রকল্প পরিচালক (তঃপঃ, সওজ),
- ৫। ~~সিনিয়র সিস্টেম এনালিস্ট~~, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, সওজ,
- ৭। প্রকল্প ব্যবস্থাপক (নিঃপঃ, সওজ),

D:ESTAB\SELET-024-2018
(প্রাপ্ত)